

# ঢাবি উপাচার্যের অতিরিক্ত দায়িত্বে অধ্যাপক মাকসুদ কামাল

ঢাবি প্রতিবেদক

০৮ অক্টোবর ২০২৩, ০৬:২৪ পিএম



অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পাঁচ দিনের সফরে চীন থাকবেন। উপাচার্যের অনুপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল উপাচার্য -এর রুটিন কাজ করবেন।

আজ রবিবার থেকে আগামী ১২ অক্টোবর পর্যন্ত ৫ দিন চীন সফরে থাকবেন উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক মাহমুদ আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে আজ এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, চীনের ইউনান বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট অধ্যাপক ড. হু জিনমিং -এর আমন্ত্রণে কনফুসিয়াস ইনস্টিটিউটের বার্ষিক বোর্ড মিটিং -এ অংশগ্রহণের জন্য তিনি এই সফর করছেন।

সফরকালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ইউনান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে বিভিন্ন উচ্চ-পর্যায়ের বৈঠক ও কর্মসূচিতে অংশগ্রহণ এবং পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা করবেন। এ সময় উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইউনান বিশ্ববিদ্যালয় বিশেষ করে কনফুসিয়াস ইনস্টিটিউটের সঙ্গে চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে সংশ্লিষ্টদের সঙ্গে মতবিনিময় করবেন।

এছাড়াও, উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সাংহাই ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল স্টাডিজসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান পরিদর্শন করবেন। এ সময় সাংহাই ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল স্টাডিজ -এর প্রেসিডেন্ট অধ্যাপক ড. চেন ডংঝিয়াও -এর সঙ্গে দ্বিপাক্ষিক বিষয়ে বিশেষ করে শিক্ষা, সংস্কৃতি, গবেষণা ও উদ্ভাবন বিষয়ে যৌথ কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে মতবিনিময় করবেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আগামী ১২ অক্টোবর ২০২৩ বৃহস্পতিবার দেশে ফিরবেন বলে আশা করা যাচ্ছে।